

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর আরোপিত ভ্যাট প্রত্যাহার দাবি জাপারও

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা ব্যবস্থার ওপর ভ্যাট আরোপ থেকে জনস্বার্থ পরিপন্থী আর কোন কাজ হতে পারে না উল্লেখ করে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর ভ্যাট আরোপের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানিয়েছে জাতীয় পার্টি। গতকাল দলের চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ-ও মহাসচিব জিয়াউদ্দিন আহমেদ বাবলু এক বিবৃতিতে এসব কথা বলেন।

বিবৃতিতে বলা হয়, এই ভ্যাট শিক্ষাপ্রতিষ্ঠানের ওপর চাপিয়ে দেয়ার কথা বলা হলেও পরোক্ষভাবে তা ছাত্রছাত্রীদের ওপরই বর্তাবে। শিক্ষা কোন পণ্য নয় যে, এর ওপর ভ্যাট আরোপ করা যাবে। শিক্ষা আমাদের নাগরিক সমাজের অধিকার। আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তোলার মাধ্যম এবং জাতির মেরুদণ্ড। শিক্ষা ব্যবস্থার ওপর ভ্যাট আরোপের সিদ্ধান্তের চেয়ে জনস্বার্থ পরিপন্থী আর কোন কাজ হতে পারে না।

বিবৃতিতে আরও বলা হয়, শিক্ষায় ভ্যাট আরোপ করা হলে এটাই প্রতীয়মান হবে যে, সরকার শিক্ষার অগ্রগতি চায় না। এর ফলে বেসরকারি শিক্ষা কার্যক্রম চরমভাবে ব্যাহত হবে। সরকারের যদি এতই অর্থ সংকট হয়ে থাকে তাহলে ব্যাংক থেকে যে পরিমাণ অর্থ লুটপাট হয়েছে সেই টাকা উদ্ধার করা হোক। যারা বিদেশে অর্থ পাচার করেছে সেই অর্থ দেশে ফেরত এনে সরকারি কোষাগারে জমা করা হোক।